# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৫৩

২৭/ আদব

পরিচ্ছেদঃ সত্যবাদিতার গুরুত্ব

## আরবী

عَنْ أَبِي خَالِدٍ حَكِيمِ بنِ حِزَامٍ قَالَ : قَالَ رسولُ الله ﷺالبَيِّعَانِ بالخِيَارِ مَا لَمْ يَتَفَرَّقَا فَإنْ صَدَقا وَبيَّنَا بُورِكَ لَهُمَا في بيعِهما وإنْ كَتَمَا وَكَذَبَا مُحِقَتْ بركَةُ بَيعِهِما مُتَّفَقٌ عَلَيهِ

## বাংলা

(৩৫৫৩) আবূ খালেদ হাকীম ইবনে হিযাম (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ক্রেতা ও বিক্রেতা উভয়ের জন্য ততক্ষণ পর্যন্ত (চুক্তি পাকা বা বাতিল করার স্বাধীনতা রয়েছে, যতক্ষণ পর্যন্ত তারা পৃথক (স্থানান্তরিত) না হবে। আর যদি তারা সত্য কথা বলে এবং (পণ্যদ্রব্যের প্রকৃতত্ব) খুলে বলে, (দোষ-ত্রুটি গোপন না রাখে,) তাহলে তাদের কেনাবেচার মধ্যে বরকত দেওয়া হয়। আর তারা যদি (দোষ-ত্রুটি) গোপন রাখে এবং মিথ্যা বলে, তাহলে তাদের দু’জনের কেনাবেচার বরকত রহিত করা হয়।

## ফুটনোট

(বুখারী ২০৭৯, মুসলিম ৩৯৩৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ হাকীম ইবনু হিযাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67301

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন